বদরগঞ্জ উপজেলা পরিষদ

জেলাঃ রংপুর

## উপজেলা পরিষদের সমাজ কল্যাণ বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ মোঃ মিজানুর রহমান
প্রশাসক
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ১২ জুন ২০২৫খ্রিঃ

সময় ঃ ০৯.৩০ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বদরগঞ্জ, রংপুর।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। সভার সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ উপজেলা সমাজ কল্যাণ কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় বলেন যে, সমাজ কল্যাণ কমিটির আওতাভূক্ত বয়স্ক ভাতা, প্রতিবন্ধী ভাতা ও অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। সমস্ত ভাতাভোতীদের ডাটাবেস আপডেট রয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। তিনি আরো বলেন, সমাজ সেবা কার্যালয়ের কোন কাজ সম্পর্কে কোন মতামত থাকলে সভায় কিংবা অফিসে জানানোর জন্য অনুরোধ করা হলো। | আলোচনান্তে চলমান কার্যক্রমগুলো সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক উপজেলা পরিষদের কর্মকর্তা ও কর্মচারীদের কর্মশালা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব সভায় জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বর্তমানে এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানের দিকে বেশি নজর দিচ্ছে। ইউনিয়ন পরিষদ এবং উপজেলা পরিষদ সর্বনিম্ন স্তরে নির্বাচিত জনপ্রতিনিধিদের সমন্বয়ে গঠিত যারা তৃণমূলের মানুষের নিকটবর্তী থাকে এবং তাদের প্রত্যক্ষ প্রভাবক ও সেবা প্রদানকারী সংস্থা হিসাবে কাজ করে। শুদ্ধাচার কৌশল সম্পর্কে স্পষ্ট ধারণা না থাকায় এবং আন্তরিকতার অভাবে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে অনেক সময় কাঙ্খিত সেবা প্রদানে বিঘ্ন ঘটে থাকে। | জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| এ উপ- প্রকল্প বাস্তবায়ন হলে-<br>● ঝামেলামুক্ত ও উন্নত গুণমানসম্পন্ন সেবা সরবরাহের দক্ষতা অর্জনের মাধ্যমে সময়োপযোগী জনসেবা নিশ্চিত হবে।<br>● শুদ্ধাচার বাস্তবায়ন টুলস সমুহের (উন্মুক্ত বাজেট উত্থাপন, সিটিজেন চার্টার, ওয়েবপোর্টাল) ব্যবহার নিশ্চিত হবে।<br>● স্থানীয় সরকার কাঠামো থেকে গ্রামীণ মানুষ উন্নতমানের জনসেবা পাবেন। | উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(মোঃ মিজানুর রহমান)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও সভাপতি
উপজেলা সমাজকল্যাণ কমিটি
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।